

কালের কর্ত্ত

আপডেট : ১১ মার্চ, ২০১৯ ২২:৪৯

মাদরাসায় শিক্ষার্থীর পা ও গলায় শিকল



বরগুনার তালতলীতে ইব্রাহীম নামের ১২ বছরের এক মাদরাসার শিক্ষার্থীর পা ও গলায় শিকল পরিয়ে দিনের পর দিন তালাবন্দ করে রাখার অভিযোগ উঠেছে এক শিক্ষকের বিরুদ্ধে। তালতলীর অংকুজানপাড়ায় কারিমিয়া হাবিবিয়া মাদরাসায় এমন ঘটনা ঘটেছে। শিক্ষকের এমন নিষ্ঠুর নির্যাতন থেকে বাঁচতে গত রবিবার শিকলবন্দ অবস্থায় মাদরাসা থেকে পালালে স্থানীয়রা ইব্রাহীমকে উদ্বার করে। এ ঘটনায় অভিযুক্ত শিক্ষকের নাম হাফেজ মো. ফোরকান হাওলাদার। খবর পেয়ে অভিযুক্ত শিক্ষককে গ্রেপ্তার করে তালতলী থানা পুলিশ। পরে এ ঘটনায় মামলা হলে তাঁকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। ইব্রাহীম অংকুজানপাড়া গ্রামের আবদুর রহমানের ছেলে।

এ বিষয়ে অংকুজানপাড়া কারিমিয়া হাবিবিয়া মাদরাসার অধ্যক্ষ মাওলানা আফজাল হোসেন ঘরামির সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁকে পাওয়া যায়নি। তবে জানা যায়, অতিরিক্ত দুষ্টুমি করার কারণেই তার পা ও গলায় শিকল পরানো হয়েছিল।

তালতলী থানার ওসি পুলক চন্দ্র হালদার বলেন, নির্যাতিত শিক্ষার্থীকে উদ্বার করে তাঁর স্বজনদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৮০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৮০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৮০২০৪৭। E-mail : info@kalerkantho.com